গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
সাধারণ শাখা
www.rajshahidiv.gov.bd

নম্বর ০৫.৪৩.০০০০.০১২.২৫.০০৭.২২.৬৩৪

তারিখ: ৮ আষাঢ় ১৪২৯
২২ জুন ২০২২

সভার নোটিশ

বিষয়: **নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক সভা আহ্বান**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী'র **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২** এর সংযোজনী-৪ এ উল্লিখিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ এর ১.১ সূচক অনুযায়ী **'নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক সভা'** আগামী **২৯/০৬/২০২২ খ্রি. তারিখ সকাল ১০.০০ টায়** বিভাগীয় কমিশনার, রাজশাহী'র সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।সভায় সভাপতিত্ব করবেন জনাব জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি, বিভাগীয় কমিশনার, রাজশাহী।

০২।উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২২-৬-২০২২
অভিজিত সরকার
সহকারী কমিশনার
ফোন: ০২৫৮৮৮৫৭৯৮৭
ফ্যাক্স: ০২৫৮৮৮৫৭৫২৯
ইমেইল: divcomrajshahi@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক/রাজস্ব/উন্নয়ন ও আইসিটি), রাজশাহী বিভাগ, রাজশাহী।

২) পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

৩) উপ-পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

৪) বিভাগীয় কমিশনারের একান্ত সচিব/সিনিয়র সহকারী/সহকারী কমিশনার(মাঠ প্রশাসন/সাধারণ/রাজস্ব/উন্নয়ন ও আইসিটি/হিসাব ও নেজারত), এ কার্যালয়।

৫) উপ-প্রশাসনিক কর্মকর্তা, গোপনীয় শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
সাধারণ শাখা

# নৈতিকতা কমিটি'র সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | ২৯/০৬/২০২২ খ্রি. |
| সভার সময় | সকাল ১০.০০ টা |
| স্থান | বিভাগীয় কমিশনারের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), রাজশাহী সভাকে জনান যে, ২০২১-২০২২ অর্থবছরে এ কার্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এর সংযোজনী-৪ এ উল্লিখিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ১.১ কার্যক্রম অংশে **'নৈতিকতা কমিটির'** সভা আয়োজনের বিষয়টি অন্তর্ভূক্ত করা হয়েছে। সভায় নৈতিকতা কমিটির কর্মপরিধি অনুযায়ী বিভিন্ন বিষয় ও বর্তমান করোনা (কোভিড-১৯) পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি অনুসরণ বিষয়ে আলোচনা করা হয়। গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নরুপ:

| ক্র:নং | গত সভার তারিখ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়িত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২০/০৩/২০২২ | ০৫টি | ০৫টি | ১০০% |

অত:পর সভায় কর্মপরিকল্পনার বিভিন্ন কার্যক্রম নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্র: নং | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ০১. | **শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ:** সভাপতি এ কার্যালয়ের শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য সম্পর্কে জানতে চাইলে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br>(ক) শুদ্ধাচারপ্রতিষ্ঠায় ত্রৈমাসিক ভিত্তিতে অংশীজনদের অংশগহণে সভা আয়োজন করা হচ্ছে।<br>(খ) এ কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের নিয়মিত শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।<br>(গ) কর্মপরিবেশ উন্নয়নে বিভাগীয় কমিশনারের কার্যালয়ের সাধারণ শাখায় কর্মচারীদের জন্য কিউবিক্যাল সিস্টেম টেবিল স্থাপন করা হয়েছে। এছাড়া অফিস প্রাঙ্গন পরিস্কার পরিছন্ন রাখার অংশ হিসেবে নিয়মিতভাবে টিওএন্ডই ভূক্ত অকেজো মালামাল বিনষ্ট করা হচ্ছে।<br>(ঘ) শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ এর আলোকে শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে বিভাগীয় কমিশনারের কার্যালয় ও আওতাধীন জেলা প্রশাসকের কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের ‘শুদ্ধাচার’ পুরস্কার প্রদান করা হয়েছে।<br>(ঙ) দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রম হিসেবে বিভাগীয় কমিশনার কর্তৃক আকস্মিকভাবে উপজেলা ভূমি অফিসসমূহ পরিদর্শন করে সেবা গ্রহিতাদের নিকট হতে মতামত গ্রহণ করা হচ্ছে। এছাড়া ভিপি পুকুরের ১০,০০০টাকার উর্ধ্বে নিলাম ডাকের কেস নথি প্রাপ্তির ১৫ কার্য দিবসের মধ্যে নিস্পত্তি করা হচ্ছে। এ পর্যন্ত ২০২১-২০২২ অর্থবছরে ১৩৮টি আবেদন পাওয়া গেছে এবং নিষ্পত্তি করা হয়েছে।<br>(চ) আওতাধীন দপ্তরসমূহে শুদ্ধাচার প্রতিষ্ঠার অংশ হিসেবে বিভাগীয় কমিশনার মহোদয় কর্তৃক জেলা প্রশাসকের কার্যালয়সমূহে উপস্থিত থেকে **এল এ চেক** বিতরণ কার্যক্রম তদারকি করা সহ চেক গ্রহীতাদের মতামত গ্রহণ করা হচ্ছে।<br>(ছ) টি আর বরাদ্দ বাবদ গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়নে স্বচ্ছতা আনয়নে প্রকল্প সমূহের মধ্য হতে দৈবচয়নের ভিত্তিতে ১০% প্রকল্প মনিটরিং করা হচ্ছে। ১ম কিস্তিতে প্রাপ্ত বরাদ্দ থেকে গৃহীত ৬২টি প্রকল্পের মধ্যে ০৭টি প্রকল্পের কার্যক্রম দৈবচয়নের মাধ্যমে পরিদর্শন করা হয়েছে। ২য় ও ৩য় কিস্তির প্রাপ্ত অর্থ থেকে ১৬৭টি প্রকল্পের মধ্যে ১৭টি প্রকল্পের কার্যক্রম দৈবচয়নের মাধ্যমে পরিদর্শন করা হয়েছে।<br>সভাপতি শুদ্ধাচার প্রতিষ্ঠায় অন্তরায় সম্পর্কে জানতে চাইলে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) জানান যে, শুদ্ধাচার প্রতিষ্ঠার জন্য কর্মপরিকল্পনা অনুযায়ী সকল কার্যক্রম সঠিকভাবে সম্পাদন করা হলেও, এ কার্যালয় ও আওতাধীন কার্যালয়ের কর্মচারীদের শুদ্ধাচার বিষয়ে আরো প্রশিক্ষণ আয়োজন করা হলে তা প্রতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠায় ভূমিকা রাখবে। এছাড়া দাপ্তরিক শুদ্ধাচার প্রতিষ্ঠায় সার্ভিস ডেলিভারি ঠিকমত হচ্ছে কিনা সে বিষয় মনিটরিং করা প্রয়োজন। | ১। এ কার্যালয়ের শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতিটি সূচক ভিত্তিক কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>২। শুদ্ধাচার বিষয়ে নিয়মিতভাবে কর্মকর্তা/ কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করতে হবে এবং সার্ভিস ডেলিভারির বিষয়ে আরও আন্তরিক হতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল) এ কার্যালয় |

| | | | |
|---|---|---|---|
| ০২. | **শুদ্ধাচার প্রতিষ্ঠায় পরিলক্ষিত অন্তরায় দূরীকরণে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ:** এ বিষয়ে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) ,রাজশাহী জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে এ কার্যালয়ের কর্মকর্তা/ কর্মচারীদের ত্রৈমাসিক ভিত্তিতে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এছাড়া দাপ্তরিক শুদ্ধাচার প্রতিষ্ঠায় এ কার্যালয়ের কর্মচারী এবং আওতাধীন দপ্তরের কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ কর্মসূচিতে 'শুদ্ধাচার' বিষয়টিকে অর্ন্তভূক্ত করা প্রয়োজন। সে সাথে এ কার্যালয় এবং আওতাধীন কার্যালয়ের সার্ভিস ডেলিভারি সিস্টেম মনিটরিং এর বিষয়ে গুরুত্ব দেওয়া প্রয়োজন। | ০১। ২০২২-২০২৩ কর্মকর্তা/ কর্মচারীদের জন্য আয়োজিত অভ্যন্তরীণ প্রশিক্ষণ কর্মসূচিতে 'শুদ্ধাচার' বিষয়টিকে অর্ন্তভূক্ত করতে হবে।<br>২। সার্ভিস ডেলিভারি সিস্টেম মনিটরিং এর জন্য এ কার্যালয় এবং আওতাধীন দপ্তরসমূহে শাখাভিত্তিক 'সেবা গ্রহীতার মতামত সংগ্রহ রেজিস্টার' ব্যবহার পূর্বক আগত সেবা গ্রহীতাদের মতামত সংগ্রহ করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ<br>২। সহকারী কমিশনার (সাধারণ শাখা) |
| ০৩. | **শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব নির্ধারণ:** অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), রাজশাহী সভায় অবহিত করেন যে, ইতোমধ্যে ২০২১-২০২২ অর্থবছরের এ কার্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও শুদ্ধাচার কর্মপরিকল্পনা শাখা ভিত্তিক বিভাজন করে প্রতিটি শাখায় এবং শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তার কক্ষে বোর্ড স্থাপনপূর্বক প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছে। সকল শাখা কর্মকর্তাকে কার্যক্রমসমূহ নির্ধারিত তারিখের ০৩-০৫ দিন পূর্বেই সম্পাদনের অনুরোধ করা হয়েছে। কোয়ার্টারভিত্তিক শুদ্ধাচার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য প্রতিটি কার্যক্রমের প্রমাণকসমূহ নির্ধারিত তারিখের ৪/৫দিন পূর্বের সাধারণ শাখায় প্রেরণ নিশ্চিত করা প্রয়োজন। | ১। প্রতি কোয়ার্টার সমাপ্তির পরবর্তী মাসের ০৩ তারিখের মধ্যে শুদ্ধাচার সংশ্লিষ্ট সকল প্রমাণক সাধারণ শাখায় প্রেরণ করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল), এ কার্যালয় |
| ০৪. | **মন্ত্রিপরিষদ বিভাগে অবস্থিত জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিটে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/ প্রতিষ্ঠানের শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি সংক্রন্ত প্রতিবেদন প্রেরণ:** মন্ত্রিপরিষদ বিভাগে অবস্থিত জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিটে শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন প্রেরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে,প্রতি কোয়ার্টারের অগ্রগতি শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী যথাসময়ে প্রেরণ করা হয়ে থাকে। | ০১। প্রতি কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে APAMS সফট্ওয়ার আপলোডসহ মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে।<br>২। ২০২১-২০২২ অর্থ বছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৪র্থ ত্রৈমাসিক প্রতিবেদন আগামী ০৫/০৭/২০২২ তারিখের মধ্যে APAMS সফট্ওয়ারে আপলোডসহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে এবং এ কার্যালয়ের ওয়েবসাইটে আপলোড করতে হবে। | সহকারী কমিশনার (সাধারণ শাখা) |
| ০৫. | **বিবিধ:** সভাপতি বলেন যে, দুনীর্তিমুক্ত দাপ্তরিক পরিবেশ গড়ে তোলা দেশের সামগ্রিক উন্নয়নের পূর্বশর্ত। তিনি এ বিষয়ে সর্বদা সজাগ থাকতে সকল কর্মকর্তা ও কর্মচারীকে আহবান জানান। সভাপতি আরো বলেন যে, দুর্নীতির বিরুদ্ধে সরকারের "জিরো টলারেন্স" নীতির চর্চা এ কার্যালয়ে অব্যাহত রাখতে হবে। দুর্নীতির কোন অভিযোগ পাওয়া গেলে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে সে বিষয়ে কার্যক্রম গ্রহণের জন্য তিনি সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীকে অনুরোধ জানান। | দুর্নীতির বিরুদ্ধে সরকারের "জিরো টলারেন্স" নীতির চর্চা এ কার্যালয়ে অব্যাহত রাখতে হবে। | সকল কর্মকর্তা, এ কার্যালয় |

সকলকে দাপ্তরিক কার্যক্রমে ও জীবনাচরণে নৈতিকতা চর্চার আহ্বান জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০১২.২৫.০০৭.২২.৬৭৮

তারিখ: ১৬ আষাঢ় ১৪২৯
৩০ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক/রাজস্ব/উন্নয়ন ও আইসিটি), রাজশাহী বিভাগ, রাজশাহী।

৩) পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

৪) উপ-পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

৫) জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ

৬) বিভাগীয় কমিশনারের একান্ত সচিব/সিনিয়র সহকারী/সহকারী কমিশনার(মাঠ প্রশাসন/সাধারণ/রাজস্ব/উন্নয়ন ও আইসিটি/হিসাব ও নেজারত), এ কার্যালয়।

৭) উপ-প্রশাসনিক কর্মকর্তা, গোপনীয় শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

অভিজিত সরকার
সহকারী কমিশনার

পরিশিষ্ট- 'ক'

**জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের নিমিত্ত নৈতিকতা কমিটির ৪র্থ সভায় সম্মানিত সদস্যবৃন্দের উপস্থিতি :**

সভার স্থান : বিভাগীয় কমিশনারের সম্মেলন কক্ষ
অনুষ্ঠানের তারিখ : ২৯/০৬/২০২২ খ্রি.
সময় : সকাল ১০.০০ টা

| ক্র: নং | নাম ও পদবি | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | আবু তাহের মোঃ মাসুদ রানা<br>অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব)<br>রাজশাহী বিভাগ, রাজশাহী | ০১৭৭২-৯৪৯৩৯৬ | |
| ২। | জনাব মোঃ জিয়াউল হক<br>অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)<br>রাজশাহী বিভাগ, রাজশাহী | ০১৭১২-৮২৫৮০৯ | |
| ৩। | এ, এন, এম, মঈনুল ইসলাম<br>অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি)<br>রাজশাহী বিভাগ, রাজশাহী | ০১৭১২-২৮৮১৭০ | |
| ৪। | জনাব মোঃ এনামুল হক<br>পরিচালক, স্থানীয় সরকার<br>রাজশাহী বিভাগ, রাজশাহী | ০১৭২৬৭৫৯৩৮৩ | |
| ৫। | ড. চিত্রলেখা নাজনীন<br>উপ পরিচালক, স্থানীয় সরকার<br>রাজশাহী বিভাগ, রাজশাহী | ০১৮৬১-৭১৭২৯৩ | |
| ৬। | জনাব মো: রকিবুল হাসান<br>সহকারী কমিশনার<br>(বিভাগীয় কমিশনারের একান্ত সচিব) | ০১৭৭৯-২৫০২৫০ | |
| ৭। | জনাব মোছাঃ মমতাজ মহল<br>সিনিয়র সহকারী কমিশনার | ০১৭২১৭৯১৯৯৯ | |
| ৮। | জনাব নীলুফা সরকার<br>সিনিয়র সহকারী কমিশনার | ০১৭১৭-৯০৬৯৮৮ | |
| ৯। | জনাব আরিফা সুলতানা<br>সহকারী কমিশনার<br>বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী | ০১৭১৭-৩৯০১৩১ | |
| ১০। | আবু সালেহ্ মোহাম্মাদ হাসনাত<br>সহকারী কমিশনার<br>বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী | ০১৭১৮-৭৮৪৩৩৪ | |

| ক্র: নং | নাম ও পদবি | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১১। | জনাব মোঃ নাছিম রেজা<br>সহকারী কমিশনার | ০১৭১৭-২৮৩৮২৬ | 29/03/22 |
| ১২। | জনাব এস.এম. রকিবুল হাসান<br>সহকারী কমিশনার | ০১৭২২০১৪৪৫৭ | 29/03/22 |
| ১৩। | জনাব অভিজিত সরকার<br>সহকারী কমিশনার | ০১৭১১-০১৫৩৮০ | 29/03/2022 |